

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.২৪

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮

১৩ সেপ্টেম্বর ২০২১

বিষয়: কোভিড-১৯ পরিস্থিতিতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত প্রাথমিক পর্যায়ে শিক্ষার্থীদের প্রয়োজনীয় শিখন ঘাটতি চিহ্নিতকরণ ও নিরাময়যোগ্য পাঠ পরিকল্পনা (Accelerated Remedial Learning Plan) অনুসরণে শ্রেণি কার্যক্রম পরিচালনা।

সূত্র: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.২৩ ১২ সেপ্টেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে কোভিড-১৯ পরিস্থিতিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড “নিরাময়যোগ্য পাঠ পরিকল্পনা” প্রণয়ন করেছে। এতে বিষয় ও শ্রেণি ভিত্তিক পাঠ পরিকল্পনা, মূল্যায়ন নির্দেশনা এবং শিক্ষকের জন্য নির্দেশনা সংযুক্ত রয়েছে। ফলে বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে শিখন ঘাটতি চিহ্নিতকরণ ও “নিরাময়যোগ্য পাঠ পরিকল্পনা” অনুসরণ করা একান্ত জরুরী।

২। মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট প্রাথমিক শিক্ষা কর্মকর্তাগণ শিখন ঘাটতি পূরণে এই “নিরাময়যোগ্য পাঠ পরিকল্পনা” বাস্তবায়ন এবং শ্রেণি পাঠদানে এ পাঠ পরিকল্পনা প্রয়োগ করা হচ্ছে কিনা তা নিশ্চিত করবেন।

৩। এমতাবস্থায়, কোভিড-১৯ পরিস্থিতিতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণে প্রণীত “নিরাময়যোগ্য পাঠ পরিকল্পনা” শ্রেণি পাঠদানে প্রয়োগ নিশ্চিতকরণ এবং তা নিবিড়ভাবে মনিটরিং করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৩-৯-২০২১

মনীষ চাকমা

পরিচালক

বিতরণ :

- ১) উপপরিচালক,  
ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
- ৩) সুপারিনটেনডেন্ট (সকল), পিটিআই সুপারিনটেনডেন্ট  
এর কার্যালয়
- ৪) উপজেলা শিক্ষা অফিসার (সকল), উপজেলা:

....., জেলা: .....

৫) ইন্সট্রাক্টর (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর,

উপজেলা: ....., জেলা: .....


স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৪০০.৯৯.০১১.২১.২৪/১(১১)

তারিখ: ২৯ ভাদ্র ১৪২৮

১৩ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল) [মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ২) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [প্রতিমন্ত্রী হোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৪) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৫) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর [অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]



১৩-৯-২০২১

নাসরিন সুলতানা

সহকারী পরিচালক